

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪৫৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৫১]

১৫/ যিকির-আযকার প্রসঙ্গে (کتاب الأذكار)

পরিচ্ছেদঃ ২৪৮: সকাল-সন্ধ্যায় আল্লাহর যিকির

(248) بَابُ الذِّكْرِ عِنْدَ الصَّبَاحِ وَالْمَسَاءِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: «مَنْ قَالَ حِيْنَ يُصبْبِحُ وَحينَ يُمْسِي: سُبْحَانَ اللهِ وَبِحَمْدِهِ، مِنَّةَ مَرَّةٍ، لَمْ عَليه وسلم: «مَنْ قَالَ حِيْنَ يُصبْبِحُ وَحينَ يُمْسِي: سُبْحَانَ اللهِ وَبِحَمْدِهِ، مِنَّةَ مَرَّةٍ، لَمْ عَلَّه وَاللهِ وَبِحَمْدِهِ، مِنَّةً مَرَّةٍ، لَمْ يَأْتَ أَحَدٌ يَوْمَ القِيَامَةِ بِأَفْضَلَ مِمَّا جَاءَ بِهِ، إِلاَّ أَحَدٌ قَالَ مِثْلَ مَا قَالَ أَوْ زَادَ». رواه مسلم

বাংলা

আল্লাহ বলেছেন,

(وَاذْكُرْ رَبَّكَ فِي نَفْسِكَ تَضَرُّعًا وَخِيفَةً وَدُونَ الْجَهْرِ مِنَ الْقَوْلِ بِالْغُدُوِّ وَالْآصنالِ وَلَا تَكُنْ مِنَ الْغَافِلِينَ)

"অর্থাৎ তোমার প্রতিপালককে মনে মনে সবিনয় ও সশঙ্কচিত্তে অনুচ্চস্বরে প্রত্যুষে ও সন্ধ্যায় স্মরণ কর এবং তুমি উদাসীনদের দলভুক্ত হইয়ো না।" (সূরা আ'রাফ ২০৫ আয়াত)

আরবি ভাষাবিদগণ বলেছেন, أصيل শব্দটি أصيل এর বহুবচন। এ (সন্ধ্যা) হল আসর ও মাগরিবের মধ্যবর্তী সময়।

তিনি আরও বলেছেন,

﴿ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا ﴾ (طه: ١٣٠)

"সূর্যের উদয় ও অস্তের পূর্বে তোমার প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা বর্ণনা কর।"(সূরা ত্বাহা ১৩০ আয়াত)

তিনি অন্যত্র বলেছেন,



"সকাল-বিকালে তোমার প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা কর।" (সূরা গাফির ৫৫ আয়াত)

আরবি ভাষাবিদগণ বলেছেন, عشی (বিকাল) হল সূর্য ঢলার পর থেকে অন্ত যাওয়া পর্যন্ত সময়।

তিনি অন্য স্থানে বলেছেন,

﴿ فِي بُيُوتِ أَذِنَ اللَّهُ أَنْ تُرْفَعَ وَيُذْكَرَ فِيهَا اسْمُهُ يُسَبِّحُ لَهُ فِيهَا بِالْغُدُّقِ وَالْآصَالِ ٣٦ رِجَالٌ لَا تُلْهِيهِمْ تِجَارَةٌ وَلَا بَيْعٌ عَنْ ذِكْرِ اللَّهِ ٣٧ ﴾ (النور : ٣٦، ٣٧)

"সে সব গৃহে--- যাকে আল্লাহ সমুন্নত করতে এবং যাতে তাঁর নাম স্মরণ করতে নির্দেশ দিয়েছেন--- সকাল ও সন্ধ্যায় তাতে তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে, সে সব লোক যাদেরকে ব্যবসা-বাণিজ্য এবং ক্রয় বিক্রয় আল্লাহর স্মরণ হতে বিরত রাখে না।" (সূরা নূর ৩৬-৩৭ আয়াত)

তিনি আরও বলেন.

"আমি পর্বতমালাকে তার (দাউদের) বশীভূত করেছিলাম; ঐগুলি সকাল-সন্ধ্যায় তার সঙ্গে আমার পবিত্রতা ও মহিমা ঘোষণা করত।" (সুরা স্থা-দ ১৮ আয়াত)

১/১৪৫৯। আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি সকাল-সন্ধ্যায় 'সুবহানাল্লাহি অবিহামদিহ' একশবার পাঠ করবে, কিয়ামতের দিনে ওর চাইতে উত্তম আমল কেউ আনতে পারবে না। কিন্তু যদি কেউ তার সমান বা তার থেকে বেশি সংখ্যায় ঐ তাসবীহ পাঠ করে থাকে (তাহলে ভিন্ন কথা)।" (মুসলিম) [1]

English

(248) Chapter: Remembrance of Allah in the Morning and in the Evening

Allah, the Exalted, says:

"And remember your Rubb by your tongue and within yourself, humbly and with fear and without loudness in words in the mornings, and in the afternoons and be not of those who are neglectful." (7:205)

"And declare the perfectness of your Rubb before the rising of the sun, and before its setting." (20:130)



"And declare the perfectness of your Rubb and praise Him in the `Ashi (i.e., the time period after the midnoon till sunset) and in the Ibkar (i.e., the time period from early morning or sunrise till before midnoon)." (40:55)

"In houses (mosques) which Allah has ordered to be raised (to be cleaned, and to be honoured), in them His Name is mentioned in the mornings and in the afternoons or the evenings. Men whom neither trade nor sale diverts from the remembrance of Allah (with heart and tongue)." (24:36,37)

"Verily, We made the mountains to declare the Perfectness of Allah with him [Dawud (David)] in the `Ashi (i.e., after the midday till sunset) and Ishraq (i.e., after the sunrise till midday)." (38:18)

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah () said, "He who recites in the morning and in the evening the statement: 'Subhan-Allahi wa bihamdihi (Allah is free from imperfection and I begin with praising Him)' one hundred times, will not be surpassed on the Day of Resurrection by anyone with better deeds than one who utters the same words or utters more of these words."

[Muslim].

ফুটনোট

[1] মুসলিম ২৬৯১, ২৬৯২, সহীহুল বুখারী ৩২৯৩, ৬৪০৫, তিরমিযী ৩৪৬৬, ৩৪৬৮, ৩৪৬৯, আবূ দাউদ ৫০৯১, ইবনু মাজাহ ৩৭৯৮, ৩৮১২, আহমাদ ৭৯৪৮, ৮৫০২, ৮৬১৬, ৮৬৫৬, ৯৮৯৭, ১০৩০৫, মুওয়াত্তা মালিক ৪৮৬, ৪৮৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন